

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার কার্যালয়  
কালিহাতি, টাঙ্গাইল।  
Email: [kalihati@uhfpo.dghs.gov.bd](mailto:kalihati@uhfpo.dghs.gov.bd)

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	রিনা পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
সভার তারিখ	:	১৩/০৭/২০২১ খ্রি.
সভার সময়	:	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	:	মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	চেয়ারম্যান, দশকিয়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, বৈশ্বিক মহামারী কোভিড-১৯ মোকাবেলায় প্রথমেই স্বাস্থ্য কর্মীদের আরো দক্ষ ও সচেতনতার জন্য তাদের জরুরি ভিত্তিতে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা তুলে ধরেন।	স্বাস্থ্য কর্মীদের দক্ষ করে গড়ে তোলতে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করণের সিদ্ধান্ত গ্রহণ।	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কালিহাতি
০২	চেয়ারম্যান, বুল্লা ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, একটু বৃষ্টি হলেই হাসপাতালের আঙ্গিনায় পানি জমে থাকে। এতে করে আগত সেবা গ্রহীতাদের ব্যাপক সমস্যা হয়।	হাসপাতালের জলাবদ্ধতা দূরীকরণে হাসপাতালের অভ্যন্তরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে পানি নিষ্কাশনের জন্য ড্রেণ নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ।	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিহাতি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে তাঁদের উপর অর্পিত সরকারি দায়িত্ব দক্ষতা, সততা ও নিষ্ঠার সাথে পালনের এবং সকল সদস্যকে আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। অতঃপর সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রিনা পারভীন)

মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ

ও

সভাপতি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত উপজেলা কমিটি  
কালিহাতি, টাঙ্গাইল।

স্মারক নং-উ:স্ব:কম:/কালি/টাং/২০২১/ ১৬৬

তারিখঃ ১৪/০৭/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। জনাব.....  
.....  
কালিহাতি, টাঙ্গাইল।



উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

ও

সদস্য সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত উপজেলা কমিটি  
কালিহাতি, টাঙ্গাইল।